

মহান বিজয় দিবস-২০২১ উদযাপন উপলক্ষে কর্মসূচি প্রণয়ন ও বাস্তবায়ন সংক্রান্ত সভার কার্যবিবরণী

সভাপতি : জনাব মোঃ আবু বকর ছিদ্দীক
সচিব, সেতু বিভাগ
তারিখ ও সময় : ০৬ ডিসেম্বর ২০২১ মঙ্গলবার দুপুর ১২:০০ টা
স্থান : সেতু বিভাগের সম্মেলন কক্ষ
উপস্থিতি : 'পরিশিষ্ট-ক'।


সভায় সভাপতি সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন এবং তিনি বক্তব্যের শুরুতেই গভীর শ্রদ্ধার সাথে স্মরণ করেন সর্বকালের সর্বশ্রেষ্ঠ বাঙ্গালি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানসহ ১৯৭১ সালে মহান মুক্তিযুদ্ধে শহীদ মুক্তিযোদ্ধা, যুদ্ধাহত মুক্তিযোদ্ধাসহ সকলকে। তিনি আরো বলেন যে, বিজয়ের সুবর্ণজয়ন্তীতে এ বছর বিজয় দিবসের বিশেষ তাৎপর্য রয়েছে। তাই মহান বিজয় দিবস-২০২১ যথাযোগ্য মর্যাদায় উদযাপন উপলক্ষে জাতীয় কর্মসূচি প্রণয়ন ও বাস্তবায়নের নিমিত্ত ১৭-০৮-২০২১ তারিখে আন্তঃমন্ত্রণালয় সভা অনুষ্ঠিত হয়। উক্ত সভায় বর্ণিত কর্মসূচি উদযাপনের বিভিন্ন সিদ্ধান্ত গৃহীত হয়েছে। এ পরিপ্রেক্ষিতে সেতু বিভাগ হতে মহান বিজয় দিবস-২০২১ উদযাপন উপলক্ষে জাতীয় কর্মসূচির সাথে সামঞ্জস্য রেখে কর্মসূচি প্রণয়ন ও বাস্তবায়নের জন্য সিদ্ধান্ত গ্রহণ করা প্রয়োজন। সভায় এ বিষয়ে বিস্তারিত আলোচনান্তে নিম্নবর্ণিত সিদ্ধান্ত গৃহীত হয়:

সিদ্ধান্ত:

ক্রমিক	তারিখ ও সময়	কর্মসূচি	বাস্তবায়নকারী
১।	১-১৭ ডিসেম্বর ২০২১	জাতীয় প্যারেড স্কয়ারে সম্মিলিত বাহিনীর কুচকাওয়াজ যান্ত্রিক বহরে অংশগ্রহণের জন্য ট্রাক সজ্জিতকরণ	এতদউদ্দেশ্যে গঠিত কমিটি কর্তৃক (পরিশিষ্ট-খ) প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ করা হয়েছে।
২।	১৫/১২/২০২১ বাদ জোহর	মহান বিজয় দিবস উপলক্ষ্যে শহীদ মুক্তিযোদ্ধাদের বিদেহী আত্মার মাগফেরাত/ যুদ্ধাহত মুক্তিযোদ্ধাদের সুস্থাস্থ্য এবং জাতির শান্তি ও সমৃদ্ধি ও অগ্রগতি কামনা করে বিশেষ মোনাজাত ও প্রার্থনা, সেতু ভবনস্থ নামাজের স্থান	১। উপসচিব (প্রশাসন) আহবায়ক ২। উপপরিচালক (প্রশাসন) সদস্য ৩। সহকারী সচিব (প্রশাসন) সদস্য ৪। সহকারী প্রকৌশলী (ভবন) সদস্য ৫। সহকারী পরিচালক (প্রশাসন) সদস্য
৩।	১৬/১২/২০২১ সূর্যোদয়ের সাথে সাথে	যথাযথ মর্যাদায় জাতীয় পতাকা উত্তোলন ও দৃশ্যমান উঁচু ভবনে বিধি অনুযায়ী সঠিক মাপ ও রঙের জাতীয় পতাকা উত্তোলন	১। উপসচিব (বাজেট) আহবায়ক ২। তত্ত্বাবধায়ক প্রকৌশলী (নদীশাসন) সদস্য ৩। সহকারী প্রকৌশলী (ভবন) সদস্য ৪। সহকারী পরিচালক (নিরাপত্তা) সদস্য ৫। সহকারী পরিচালক (প্রশাসন) সদস্য

ক্রমিক	তারিখ ও সময়	কর্মসূচি	বাস্তবায়নকারী
৪।	১৫, ১৬ ও ১৭ ডিসেম্বর ২০২১ ত্রিদিন সূর্যাস্তের সাথে সাথে	বঙ্গবন্ধু সেতু উভয় পাশে টোল বুথ আলোকসজ্জা	১। জনাব মোঃ তোফাজ্জেল হোসেন আহ্বায়ক তত্ত্বাবধায়ক প্রকৌশলী (সেতু) ২। ড. মাহমুদুর রহমান সদস্য নির্বাহী প্রকৌশলী ৩। জনাব আহসান মাসুদ বাপ্পি সদস্য সহকারী প্রকৌশলী
		মুক্তারপুর সেতুতে আলোকসজ্জা	১। জনাব মোঃ আবু সাইম খান আহ্বায়ক নির্বাহী প্রকৌশলী (ভবন) ২। জনাব মোঃ ইউসুফ হারুন সদস্য সহকারী প্রকৌশলী (ভবন)
		সেতু ভবন আলোকসজ্জা	১। জনাব মোঃ ওহিদুজ্জামান আহ্বায়ক তত্ত্বাবধায়ক প্রকৌশলী (চ:দা:) ২। জনাব মোঃ ইউসুফ হারুন সদস্য সহকারী প্রকৌশলী (ভবন) ৩। জনাব রাজন চন্দ্র বিশ্বাস সদস্য উপসহকারী প্রকৌশলী
৫।	১৬/১২/২০২১ সকাল হতে সন্ধ্যা পর্যন্ত	বঙ্গবন্ধু সেতু সাইটে অবস্থিত জাদুঘরে বিনা টিকেটে জনসাধারণের জন্য উন্মুক্ত রাখা	১। জনাব মোঃ তোফাজ্জেল হোসেন আহ্বায়ক তত্ত্বাবধায়ক প্রকৌশলী (সেতু) ২। ড. মাহমুদুর রহমান সদস্য নির্বাহী প্রকৌশলী ৩। জনাব আহসান মাসুদ বাপ্পি সদস্য সহকারী প্রকৌশলী
৬।	১৬/১২/২০২১ দিনব্যাপী	পদ্মা বহুমুখী সেতু প্রকল্প এলাকায় অবস্থিত স্কুলসমূহে ছাত্র-ছাত্রীদের সমাবেশ ও ক্রীড়া অনুষ্ঠান	১। প্রকল্প পরিচালক, পদ্মা বহুমুখী সেতু নির্মাণ প্রকল্প ২। অতিরিক্ত পরিচালক (পরিবেশ) পদ্মা বহুমুখী সেতু নির্মাণ প্রকল্প ৩। তত্ত্বাবধায়ক প্রকৌশলী (নেদীশাসন) পদ্মা বহুমুখী সেতু নির্মাণ প্রকল্প

সভায় আর কোন আলোচনা না থাকায় সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।


 (মোঃ আবু মকর হুদীক)
 সচিব
 সেতু বিভাগ